# প্রিমিয়ার ইউনিভার্সিটি বুলেটিন

প্রতিষ্ঠাতা: আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী

সেপ্টেম্বর ২০১৯, ৩য় সংখ্যা


প্রিমিয়ার ইউনিভার্সিটির দ্বিতীয় কনভোকেশন অনুষ্ঠানে কনভোকেশন স্পিকার প্রফেসর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন

## বাংলাদেশকে স্বল্পোন্নত দেশ থেকে উন্নত দেশে উন্নীত হতে হলে বাংলাদেশের শিক্ষাকে মানসম্পন্ন করতে হবে

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা উপাচার্য ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর প্রফেসর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, বিগত শতাব্দী থেকেই শিক্ষাখাতের বিভিন্ন দিক ও পর্যায়ে বহুমুখী প্রবণতা দেখা দেয়। যেমন ধর্ম, প্রকৃতি ও সমাজ বিষয় ছাপিয়ে পাঠ পঠনের বিষয়বস্তুতে কর্মসংস্থানের প্রশ্নটি বিপুলভাবে সামনে চলে আসে। সকল পর্যায়েই সুপ্তভাবে আর্থ-সামাজিক উন্নয়নের প্রশ্নটি অন্তর্ভুক্ত থাকলেও স্পষ্টভাবে বৃত্তিমূলক শিক্ষার মাধ্যমে মানবকে দক্ষ মানব সম্পদে ও প্রযুক্তি সমৃদ্ধ উচ্চশিক্ষার মাধ্যমে




মানব মূলধন হিসেবে গড়ে তোলার বিষয়গুলো এখন অগ্রাধিকার পাচ্ছে। বিশেষ করে বাংলাদেশের মত একটি কল্যাণমুখী রাষ্ট্র প্রথমে অনুন্নত থেকে স্বল্পোন্নত এবং বর্তমানে উন্নয়নশীল দেশের কাতারে উঠে আসার যোগ্যতা অর্জনে শিক্ষা একটি উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। কিন্তু স্বল্পোন্নত দেশের সাথে সংযুক্ত কিছু সুযোগ সুবিধা উন্নয়নশীল দেশের প্রতিযোগিতাকালে আর পাওয়া যাবে না। তাই বিশেষ করে শিল্পোন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়নশীল দেশের মর্যাদায় বাংলাদেশকে উন্নীত হতে হলে মানসম্মত শিক্ষাক্ষেত্রে জ্ঞান বিজ্ঞানে পারদর্শিতা অর্জন করতে হবে এবং লাগসই প্রযুক্তি ও উন্নয়ন কৌশল বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক গবেষণা কাজে বিনিয়োগ বাড়ানো জরুরি। ২১ জুলাই ২০১৯, চট্টগ্রামের নেভি কনভেনশন সেন্টারে প্রিমিয়ার ইউনিভার্সিটির দ্বিতীয় কনভোকেশন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এই অনুষ্ঠানে তিনি কনভোকেশন স্পিকার ছিলেন। এবারের কনভোকেশন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ। বিশেষ অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি। কনভোকেশনে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ 'ডিগ্রি অর্জন শুধুমাত্র সার্টিফিকেট নয়, বরং শিক্ষার্থীদের সাধনা, চর্চা ও সততার ফসল' মন্তব্য করে বলেন, আমরা পরিবর্তনশীল বৈশ্বিক অর্থনীতিতে বাস করছি। তীব্র প্রতিযোগিতামূলক বিশ্বে আমাদের টিকে থাকতে হলে শিক্ষার মান উন্নত করতে হবে। শিক্ষার মান যত উন্নত হবে, অর্থনীতি তত উন্নত হবে। শিক্ষার মান উন্নত করতে হলে যোগ্য শিক্ষক নিয়োগ দিতে হবে, গবেষণাখাতকে সচল করতে হবে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় যোগ্য মানবসম্পদ সৃষ্টির মাধ্যমে বৈশ্বিক ও জাতীয় সমস্যা সমাধান করতে পারে। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো এই লক্ষ্যে ভূমিকা রাখছে। প্রিমিয়ার ইউনিভার্সিটি তাদের অন্যতম। তিনি আরও বলেন, অনেকের মতে সাধারণ বিশ্ববিদ্যালয় বেকার তৈরির কারখানা। বস্তুত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সাথে প্রযুক্তি ও দক্ষতা যুক্ত হলে বেকারত্ব দূর হবে। সংস্কৃতি ও বুদ্ধিবৃত্তিক চর্চার মাধ্যমে শিক্ষার্থীরা যোগ্য নাগরিক হয়ে উঠবে। জ্ঞান চর্চা করলে হবে না, জ্ঞানের বাস্তব প্রয়োগ ঘটাতে হবে। যুগোপযোগী শিক্ষা দিয়ে তরুণ প্রজন্মকে দক্ষ জনগোষ্ঠীতে রূপান্তর করতে না পারলে বাংলাদেশ ২০২১ সালে মধ্যম আয়ের ও ২০৪১ সালে উচ্চ আয়ের রাষ্ট্রে পরিণত হবে না। বিশেষ অতিথি মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি বলেন, এই ইউনিভার্সিটি উচ্চশিক্ষার পাদপীঠ। জ্ঞানচর্চা ও জ্ঞান সৃজনের সুমহান কেন্দ্র। এই ইউনিভার্সিটি থেকে আজকে যাঁরা প্রাতিষ্ঠানিক ডিগ্রি সমাপনের স্বীকৃতিস্বরূপ সনদ নিয়ে যাচ্ছেন, তাঁদের আহ্বান জানাই, বিশ্বের শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়গুলোর মতো তাঁরাও যেন অ্যালামনাই হিসেবে নতুন জ্ঞান সৃষ্টি ও দক্ষ জনগোষ্ঠী তৈরিতে প্রিমিয়ার ইউনিভার্সিটির সাথে যুক্ত থাকেন ও ভূমিকা রাখেন। শিক্ষা উপমন্ত্রী আরও বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো গবেষণাখাতে বিশেষ অবদান রাখছে। শুধু সরকার নয়, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষগুলোকেও গবেষণার ব্যাপারে উদ্যোগী হতে হবে। স্বাগত বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, বিশ্ববিদ্যালয় শুধু শিক্ষাদান করে না, নতুন জ্ঞানও সৃষ্টি করে। প্রিমিয়ার ইউনিভার্সিটি সেই লক্ষ্যে কাজ করে চলেছে। পাশ্চাত্যে বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হয় বেসরকারি বিশ্ববিদ্যালয় দিয়ে। প্রিমিয়ার ইউনিভার্সিটিও বেসরকারি। বাংলাদেশের উন্নয়ন কর্মকাণ্ড ও জাতীয় সংস্কৃতিতে ভূমিকা রাখতে প্রিমিয়ার ইউনিভার্সিটি উচ্চমান সম্পন্ন নাগরিক তৈরি করছে। তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয়সমূহকে জ্ঞান সৃষ্টি করতে হলে গবেষণাতে বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহকেও প্রাধান্য দিতে হবে। সেই জন্য সরকারি বিশ্ববিদ্যালয়সমূহের মতো বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহকেও এমফিল ও পিএইচডি গবেষণার অধিকার দিতে হবে। কনভোকেশন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউজিসির সদস্য ড. সাজ্জাদ হোসেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শিরিন আকতার প্রমুখ। কনভোকেশনে ১১১২ জন গ্র্যাজুয়েট তাঁদের শিক্ষা সমাপনী সনদ গ্রহণ করেন। কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করায় সমাবর্তনে ১১ জন গ্র্যাজুয়েটকে পদক প্রদান করা হয়। অনুষ্ঠান শেষে বেলা ৩ টায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের পরিবেশনা শুরু হয়। বাংলাদেশের খ্যাতনামা সঙ্গীতশিল্পী নোবেল এই সাংস্কৃতিক অনুষ্ঠানে গান পরিবেশন করেন।

## জাতির জনকের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে দোয়া মাহফিল

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে জিইসি মোড়ে ইউনিভার্সিটির কেন্দ্রিয় মসজিদে ১৫ আগস্ট ২০১৯, বাদে আসর খতমে



কোরান, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার অধ্যাপক এ কে এম তফজল হক, উপাচার্যের উপদেষ্টা ও চীফ ইঞ্জিঃ মো. আবু তাহের। প্রিমিয়ার ইউনিভার্সিটির অন্যান্য শিক্ষক-কর্মকর্তা-কর্মচারিবৃন্দও এতে অংশ নেন। ইঞ্জিঃ আবু রাসেল চৌধুরীর সার্বিক তত্ত্বাবধানে মিলাদ মাহফিলে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার শান্তি কামনায় মোনাজাত করা হয়। মোনাজাতের পূর্বে ট্রেজারার অধ্যাপক এ কে এম তফজল হক জাতির জনকের জীবনের বিভিন্ন দিক সম্পর্কে আলোকপাত করে বলেন, আগস্ট শোকের মাস। ১৯৭৫ সালে এই মাসের ১৫ তারিখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করে কতিপয় দুর্বৃত্ত। যিনি হাজার বছরের পরাধীন বাঙালিকে স্বাধীনতা দিয়েছেন, একটি দেশ দিয়েছেন, একটি সংবিধান দিয়েছেন, দুর্বৃত্তরা সেই শেখ মুজিবুর রহমানকে হত্যা করে বাংলার ইতিহাস করেছে কলঙ্কিত। দোয়া, মিলাদ মাহফিল ও মোনাজাত পরিচালনা করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রিয় মসজিদের ইমাম হাফেজ মুহাম্মদ মঈনুদ্দিন ও মাওলানা বোরহান উদ্দিন হোসাইনি।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বোর্ড অফ ট্রাস্টিজের সভা অনুষ্ঠিত

৩০ মে ২০১৯, প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অফ ট্রাস্টিজের সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা উপমন্ত্রী ও বোর্ড অফ ট্রাস্টিজের চেয়ারম্যান ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি। এছাড়া বোর্ড অফ



ট্রাস্টিজের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সভায় কনভোকেশন সম্পর্কে আলোচনা হয় ও বিগত বোর্ড অফ ট্রাস্টিজের সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়। এছাড়াও বিভিন্ন একাডেমিক ও প্রশাসনিক বিষয়সমূহ নিয়ে অনুপুঙ্খ আলোচনা হয়। সভায় বোর্ড অফ ট্রাস্টিজের সদস্যদের মধ্য থেকে আরও উপস্থিত ছিলেন ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, মিসেস হাসিনা মহিউদ্দিন, রেমন্ড আরেং, বোরহানুল হাসান চৌধুরী, অরুণ দাশগুপ্ত, সাবিহা মুসা এবং বাংলাদেশের খ্যাতিমান নাট্যব্যক্তিত্ব নাসির উদ্দিন ইউসুফ। প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমানও সভায় উপস্থিত ছিলেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থ কমিটি কর্তৃক ২০১৯-২০ সালের বাজেট ব্যয় অনুমোদন

০৮ জুলাই ২০১৯, প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অফ ট্রাস্টিজের সদস্য ও অর্থ কমিটির সভাপতি মিসেস হাসিনা মহিউদ্দিন। উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সভায় প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থ কমিটি কর্তৃক ২০১৯-২০ সালের প্রস্তাবিত ৫৩ কোটি ৫ লক্ষ ৯২ হাজার ১ শত ৩১ টাকার বাজেট ব্যয় অনুমোদিত হয়। এই বাজেটে গবেষণার জন্য ১ কোটি টাকা ও ছাত্র-ছাত্রীদের বৃত্তি বাবদ ২ কোটি ১০ লক্ষ টাকা বিশেষ বরাদ্দ নির্ধারণ করা হয়েছে। বরাদ্দকৃত ১ কোটি টাকা বিভিন্ন বিষয়ে গবেষণার জন্য বিশ্ববিদ্যালয়ের মেধাবি শিক্ষক ও শিক্ষার্থীরা পাবেন। আরও উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন, ল্যাবরেটরি উন্নয়ন এবং লাইব্রেরির পুস্তক ও জার্নাল ক্রয়ের জন্য আরও ১০ কোটি টাকা বিশেষ উন্নয়ন বরাদ্দ রাখা হয়েছে। সভায় অর্থ কমিটির সদস্য হিসেবে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, সাবেক এমপি মিসেস সাবিহা মুসা, প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক ও অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী উপস্থিত ছিলেন। আরও উপস্থিত ছিলেন উপ-পরিচালক (হিসাব) হাছানুল ইসলাম চৌধুরী, অ্যাকাউন্টস অফিসার রাজিব কুমার বৈদ্য ও শিহাব উদ্দিন কবির প্রমুখ।



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে দিনব্যাপী 'শেক্সপিয়ার ফেস্টিভল'-এ উপাচার্য ড. অনুপম সেন

## ইংরেজরা চলে গেছে, কিন্তু উইলিয়াম শেক্সপিয়ারের সাহিত্য এখনও আমাদের

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, শেক্সপিয়ার শুধু সাহিত্যিক নন, তিনি একজন মানবতাবাদী মানুষও ছিলেন। তাঁর সাহিত্যের মধ্যে নাটক ও কবিতা উল্লেখযোগ্য। তাঁর হ্যামলেট, ম্যাকবেথ, কিং লিয়ার, জুলিয়াস সিজার, ওথেলো প্রভৃতি অসাধারণ নাটক, কালজয়ী নাটক। তিনি আরও বলেন, আমাদের দেশ ইংরেজদের অধীনে ছিল। প্রায় ১৯০ বছর ধরে তারা আমাদের দেশকে, দেশের মানুষকে শোষণ করার পর চলে গেছে। কিন্তু উইলিয়াম শেক্সপিয়ারের সাহিত্য এখনও আমাদের। কারণ, তাঁর সাহিত্য চিরকালীন, চিরসবুজ। ২৩ এপ্রিল ২০১৯, দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের উদ্যোগে উইলিয়াম শেক্সপিয়ারের ৪৫৫ তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত দিনব্যাপী 'শেক্সপিয়ার ফেস্টিভল-২০১৯'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক প্রফেসর এম হারুনুর রশিদ। বিশেষ অতিথি ছিলেন সিআইইউর এসএলএএসএস-এর ডিন প্রফেসর কাজী মোস্তাইন বিল্লাহ, ইউল্যাবের ডিপার্টমেন্ট অফ ইংলিশ এন্ড হিউম্যানিটিজের প্রফেসর গোলাম সারওয়ার চৌধুরী ও প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অফ ট্রাস্টিজের সদস্য হাসিনা মহিউদ্দিন। কীনোট স্পিকার ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের প্রফেসর ড. মোহীত উল আলম। তিনি "শেক্সপিয়ারঃ আওয়ার্স, দেয়ার্স, অর এভেরিবডি'স" শিরোনামে মূল প্রবন্ধ পাঠ করেন। প্রফেসর এম হারুনুর রশিদ সম্মানিত অতিথির বক্তব্যে উইলিয়াম শেক্সপিয়ারের জীবন ও সাহিত্যের বিভিন্ন দিক নিয়ে আলোকপাত এবং প্রবন্ধটি নিয়ে আলোচনা করে বলেন, শেক্সপিয়ার নাটকের উপস্থাপনা রীতিতে পরিবর্তন আনেন। এক্ষেত্রে তিনি প্রচলিত রীতি ভেঙে ফেলেন। তিনি ইংরেজি সাহিত্যে 'শেক্সপিয়ারের অবদান অন্তহীন' উল্লেখ করে বলেন, শেক্সপিয়ার সকল দেশের, সকল জাতির, সকল সময়ের। সহকারী অধ্যাপক কোহিনূর আকতার ও মো. সোলাইমান চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রফেসর ড. মোহীত উল আলম সম্পাদিত 'হ্যামলেট' নাটকের মোড়ক উন্মোচন করা হয়। আলোচনা অনুষ্ঠানের পরে শেক্সপিয়ারের সাহিত্য নিয়ে সেমিনার পরিচালিত হয়। এতে সহকারী অধ্যাপক শাহনাজ পারভীন রচিত 'এডেপটেশন অফ শেক্সপিয়ার ইন বাংলাদেশ' এবং সহকারী অধ্যাপক কোহিনূর আকতার ও শান্তনু দাশ যৌথভাবে রচিত 'শেক্সপিয়ার ইন দ্য ল্যাঙ্গুয়েজ ক্লাশরুম' শীর্ষক দু'টি প্রবন্ধ উপস্থাপন করা হয়। সেমিনারের পরে হ্যামলেট, ওথেলো ও এস ইউ লাইক ইট নাটকত্রয় প্রদর্শন করা হয়। উল্লেখ্য, অনুষ্ঠানে শেক্সপিয়ারের সাহিত্য নিয়ে প্রদর্শনী ও বুকস্টল ছিল মনোমুগ্ধকর।




প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে উপাচার্য ড. অনুপম সেন

## 'বিজ্ঞান ও প্রযুক্তির কল্যাণে ক্রমশ এগিয়ে যাচ্ছে এই বিশ্ব'



আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, আজকের বিশ্ব বিজ্ঞানের বিশ্ব। বিজ্ঞান ও প্রযুক্তির কল্যাণে ক্রমশ এই বিশ্ব এগিয়ে যাচ্ছে। একসময় এই পৃথিবীতে বিদ্যুৎ ও কম্পিউটারসহ অনেককিছুই ছিল না। তারপর শুধু বিদ্যুৎ ও কম্পিউটার নয়, একে একে আরো কতোকিছু আবিষ্কৃত হয়েছে ! ফলে পৃথিবীতে ঘটেছে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শিল্প-বিপ্লব। এখন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-এর কল্যাণে ঘটছে চতুর্থ শিল্পবিপ্লব। ২৯ এপ্রিল ২০১৯, চট্টগ্রাম ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৩৩, ৩৪ ও ৩৫ তম ব্যাচের নবীন বরণ এবং ২৬ ও ২৭ তম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে তিনি এসব কথা বলেন। প্রকৌশল অনুষদের ডিন ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. তৌফিক সাঈদ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সহকারী অধ্যাপক মিনহাজ হোসাইন এবং শিক্ষার্থী ইশরাত জাহান ও তানজিনা মজুমদারের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক আকরামুল কবির খান। অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

২৪ এপ্রিল ২০১৯, প্রিমিয়ার ইউনিভার্সিটির শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অফ ট্রাস্টিজের



সদস্য ও শৃঙ্খলা কমিটির সভাপতি জনাব বোরহানুল হাসান চৌধুরী। উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সভায় ইউনিভার্সিটিতে শিক্ষার্থীদের আচরণ কী ধরনের হবে, তা নিয়ে কোড অফ কন্ডাক্ট প্রণয়ন করা হয় এবং ইউনিভার্সিটিতে প্রবেশে ডিজিটাল কার্ড ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়াও ইউনিভার্সিটির বিভিন্ন শৃঙ্খলা বিষয়ে আলোচনা করা হয় এবং প্রক্টরিয়াল বডির গৃহীত সিদ্ধান্তসমূহ অনুমোদন করা হয়। সভায় শৃঙ্খলা কমিটির সদস্য হিসেবে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহীত উল আলম, প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, রেজিস্ট্রার খুরশিদুর রহমান এবং সদস্য সচিব হিসেবে প্রক্টর আহমদ রাজীব চৌধুরীও উপস্থিত ছিলেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অর্থ কমিটির সভা অনুষ্ঠিত

৩০ এপ্রিল ২০১৯, প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অফ ট্রাস্টিজের সদস্য ও অর্থ কমিটির সভাপতি মিসেস হাসিনা মহিউদ্দিন। উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজ বিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সভায় ইউনিভার্সিটির ২০১৯-২০ অর্থ বছরের বাজেট ও



বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। এছাড়া কনভোকেশন বাজেট অনুমোদন করা হয়। সভায় অর্থ কমিটির সদস্য হিসেবে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, সাবেক এমপি মিসেস সাবিহা মুসা, প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক ও অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী উপস্থিত ছিলেন। আরও উপস্থিত ছিলেন উপ-পরিচালক (হিসাব) হাছানুল ইসলাম চৌধুরী, অ্যাকাউন্টস অফিসার শিহাব উদ্দিন কবির ও রাজিব কুমার বৈদ্য প্রমুখ।



আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেনের ৭৯তম জন্মদিন উদযাপন

## প্রিমিয়ার ইউনিভার্সিটির এই ভালবাসায় আমি অভিভূত

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের ৭৯তম জন্মদিন উদযাপন করেছে প্রিমিয়ার ইউনিভার্সিটি। ০৫ আগস্ট ২০১৯, দিনব্যাপী প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উপাচার্য কার্যালয়ে তাঁর এই জন্মদিন উদযাপন করা হয়। এসময় তাঁকে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগ, অর্থনীতি বিভাগ, ব্যবসা-প্রশাসন বিভাগ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, তড়িৎ প্রকৌশল বিভাগ, স্থাপত্য বিভাগ, ইংরেজি বিভাগ, গণিত বিভাগ, পুলা, পিইউডিএস এবং প্রশাসনিক কর্মকর্তা-কর্মচারিদের পক্ষ থেকে ফুলের তোড়া দিয়ে জন্মদিনের শুভেচ্ছা জানানো হয়। এসময় উপস্থিত ছিলেন ব্যবসা-প্রশাসন বিভাগের অধ্যাপক অমল ভূষণ নাগ, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহীত উল আলম, প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন মঈনুল হক, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান সোহেল এম শাকুর, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, স্থাপত্য বিভাগের সহযোগী অধ্যাপক আশিকুর রহমান, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী প্রমুখ। এসময় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন তাঁর অনুভূতি ব্যক্ত করে বলেন, ০৫ আগস্ট আমার জন্মদিন, একথা আমার মনেই ছিল না। কিন্তু প্রিমিয়ার ইউনিভার্সিটি পরিবার আমার জন্মতারিখ মনে রেখেছে এবং আজ পালন করছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির এই ভালবাসায় আমি অভিভূত। জীবনের শেষদিন পর্যন্ত এই ভালবাসাকে আমি পাথেয় করে রাখব। আমি যখন চোখ বুজব, মনে হয়, তখনও এই ভালবাসা আমার অন্তরে বিরাজ করবে। 'ষাট বছর বয়স পেরুনোর পর জন্মদিন স্মরণ করানোর অর্থ হলো মৃত্যুর কথা মনে করানো' মন্তব্য করে তিনি বলেন, মৃত্যুর কারণে জীবনকে অর্থহীন মনে করার কোন কারণ নেই। এ জীবনের গভীর অর্থ রয়েছে। মানব-সেবায় নিজেকে নিযুক্ত করার মধ্য দিয়েই জীবনকে অর্থবহ করা যায়। তিনি তাঁর শিক্ষক ও পুরনো বন্ধুদের স্মরণ করে বলেন, ১৯৬৫ সাল থেকে শিক্ষকতায় নিয়োজিত আছি। পূর্ব পাকিস্তান প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বর্তমান বুয়েট), ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেছি। বর্তমানে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করছি। বস্তুত আমি যে এখনও শিক্ষকতায় নিয়োজিত আছি, এটা আমার জীবনের পরম পাওয়া। শেষে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন জন্মদিনের কেক কাটেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার এ কে এম তফজল হক, উপাচার্যের উপদেষ্টা ও চীফ ইঞ্জিনিয়ার আবু তাহের, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মোহাম্মদ ইব্রাহিম, উপ-পরিচালক (স্টুডেন্ট'স ওয়েলফেয়ার) হাছানুল ইসলাম চৌধুরী, স্থপতি শহিদুল হক ও ডেপুটি লাইব্রেরিয়ান কাউছার আলম প্রমুখ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ডেঙ্গু প্রতিরোধ কর্মসূচি' পালিত

জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রাঙ্গণে এই ইউনিভার্সিটির উদ্যোগে 'ডেঙ্গু প্রতিরোধ কর্মসূচি' পালিত হয়েছে ০৫ আগস্ট ২০১৯। সাম্প্রতিককালে বাংলাদেশে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় এই কর্মসূচি পালনের উদ্যোগ গ্রহণ করা হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তিনি ডেঙ্গু প্রতিরোধে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষক ও শিক্ষার্থীদের সচেতন হওয়ার আহ্বান



জানিয়ে বলেন, বাংলাদেশে ডেঙ্গু ব্যাপকভাবে ছড়িয়ে পড়লেও আতঙ্কিত হওয়ার কিছু নেই। ফিলিপাইনে প্রায় ১৫ লক্ষ লোক ডেঙ্গু আক্রান্ত হয়েছে এবং এদের মধ্য থেকে কয়েক হাজার লোক মারা গেছে। বাংলাদেশের অবস্থা সেরকম নয়। বাংলাদেশে যেভাবে ডেঙ্গু ছড়িয়ে পড়েছে, তা নিয়ন্ত্রণ করা সম্ভব। তবে এর জন্য দরকার চিকিৎসার পাশাপাশি গণসচেতনতা, সতর্কতা ও সম্মিলিত উদ্যোগ। কর্মসূচিতে আরও উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, ইংরেজি বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, সহকারী অধ্যাপক আবদুর রহিম, সহকারী অধ্যাপক সৈয়দ জসিম উদ্দিন, সহকারী অধ্যাপক শহীদুল আলম, সহকারী অধ্যাপক মো. আলমগীর প্রমুখ। কর্মসূচির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ইঞ্জিনিয়ার আবু রাসেল চৌধুরী। উল্লেখ্য, কর্মসূচির আওতায় প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন স্থানে স্প্রেয়ারের মাধ্যমে মশক নিধনের ঔষধ ছিটানো হয়।

অবিলম্বে বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে গবেষণায় এমফিল ও পিএইচডি চালু করা দরকার : উপাচার্য ড. অনুপম সেন

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইউজিসির সদস্য প্রফেসর ড. সাজ্জাদ হোসেনের সংবর্ধনা

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-র সম্মানিত সদস্য প্রফেসর ড. সাজ্জাদ হোসেনকে সংবর্ধনা প্রদান করেছে প্রিমিয়ার ইউনিভার্সিটি। প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে ২১ জুন ২০১৯, এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন সাদার্ন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর ইঞ্জিঃ এম আলী আশরাফ। প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রফেসর ড. সাজ্জাদ হোসেনকে পুষ্পস্তবক দিয়ে প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে শুভেচ্ছা জানান প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান। এরপর পুষ্পস্তবক দিয়ে শুভেচ্ছা জানান ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আহসান উল্লাহ, বান্দরবান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ এফ ইমাম



আলী। প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন তাঁর বক্তব্যে বলেন, বিশ্ববিদ্যালয় মুখ্যত শিক্ষার্থীদের জন্য। যে বিশ্ববিদ্যালয়, পাবলিক হোক আর প্রাইভেট, শিক্ষার্থীদের শিক্ষা দিতে ব্যর্থ হয়, সেই বিশ্ববিদ্যালয় বিশ্ববিদ্যালয় হিসেবে অভিহিত হওয়া উচিত নয়। বিশ্ববিদ্যালয়কে প্রতিটি ছাত্রকে জ্ঞানে সমৃদ্ধ করতে হবে এবং জীবনের ক্ষেত্রে এগুনোর জন্য তাকে প্রস্তুত করতে হবে। তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে উচ্চমানসম্পন্ন শিক্ষার জন্য গবেষণার প্রয়োজনীয়তা উল্লেখ করে বলেন, অবিলম্বে ইউজিসি কর্তৃক বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে এমফিল ও পিএইচডি চালু করা দরকার। প্রফেসর ড. সাজ্জাদ হোসেন প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃক সংবর্ধনা প্রাপ্তিতে তাঁর অনুভূতি ব্যক্ত করে বলেন, আমাদের দেশে প্রচুর বিশ্ববিদ্যালয় আছে। অনেক ভাল বিশ্ববিদ্যালয়ও আছে। সব বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান উচ্চ পর্যায়ে নিতে হবে। বিশ্ববিদ্যালয়সমূহে গবেষণার পথও প্রশস্থ করতে হবে। আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয়ের র‍্যাঙ্কিং-এ তাদের স্থান নেয়ার চেষ্টা করতে হবে। সভাপতির বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক বলেন, ইউজিসির সদস্য প্রফেসর ড. সাজ্জাদ হোসেন প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আসায় তাঁকে ধন্যবাদ। সহকারী অধ্যাপক সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহীত উল আলম, ব্যবসা-প্রশাসন বিভাগের অধ্যাপক অমল ভূষণ নাগ, প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, চীফ ইঞ্জিঃ ও উপাচার্যের উপদেষ্টা আবু তাহের। এছাড়া প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, অন্যান্য শিক্ষক-শিক্ষিকা, সাদার্ন বিশ্ববিদ্যালয়, ইস্ট ডেল্টা ইউনিভার্সিটি, পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অনেক শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন। ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির উপাচার্য প্রফেসর মো. ইউনুস, সাদার্ন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. ইঞ্জিঃ মোজাম্মেল হক ও ইডিইউর ডিন অব ফ্যাকাল্টিজ ড. মুহাম্মদ নাজিম উদ্দীনও উপস্থিত ছিলেন।

## চট্টগ্রাম নগরীর জলাবদ্ধতা দূরীকরণে সহযোগিতার লক্ষ্যে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কমিটি গঠিত

চট্টগ্রাম নগরীর জলাবদ্ধতা দূরীকরণে (নিরসনে) সহযোগিতার লক্ষ্যে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে একটি কমিটি গঠন করা হয়েছে। প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে উপাচার্য কার্যালয়ে ০৮ আগস্ট ২০১৯, আয়োজিত একটি সভার মাধ্যমে এই কমিটি গঠন করা হয়। সভায় সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও



প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সভায় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, উপাচার্যের উপদেষ্টা ও চীফ ইঞ্জিঃ আবু তাহের, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, স্থপতি শহীদুল হক, স্থাপত্য বিভাগের শিক্ষক ইমরান বিন হোসেন ও সহকারী প্রকৌশলী আবু রাসেল চৌধুরী প্রমুখ। উল্লেখ্য, প্রফেসর ড. মোহীত উল আলমকে আহ্বায়ক ও প্রফেসর এ কে এম তফজল হককে সহ-আহ্বায়ক করে ১২ সদস্য বিশিষ্ট উক্ত কমিটি গঠন করা হয়।

# প্রিমিয়ার ইউনিভার্সিটি বুলেটিন


## প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগে প্রজেক্ট প্রদর্শনী

সম্প্রতি প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে এই ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের ১৫ তম ব্যাচের ১ম সেমিস্টারের শিক্ষার্থীরা একটি প্রজেক্ট প্রদর্শনীর আয়োজন করে। স্থাপত্য বিভাগের ডিজাইন স্টুডিও-১ এর সকল প্রজেক্ট এই প্রদর্শনীতে স্থান পায়। এই প্রদর্শনীতে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি



বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর স্থাপত্য বিভাগের অধ্যাপক ড. কাজী আজিজুল মাওলা। এছাড়া প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের চেয়ারম্যান সোহেল এম শাকুর, সহযোগী অধ্যাপক আশিকুর রহমান ও অন্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

অধ্যাপক ড. কাজী আজিজুল মাওলা প্রজেক্ট প্রদর্শনী পরিদর্শন করে বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের শিক্ষার্থীদের দক্ষতা তাদের কাজের মধ্য দিয়ে প্রকাশ পাচ্ছে। তারা আনন্দের সঙ্গে অনুশীলন করছে ও অগ্রগামী হচ্ছে। পরিশ্রম ও একনিষ্ঠ এই অনুশীলনকে ধরে রাখতে পারলে শিক্ষার্থীরা ভবিষ্যতে সফল হবে।

'অনুশীলনে সূক্ষ্মতাকে ধরে রাখতে হবে' মন্তব্য করে তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের প্রশংসা করে বলেন, এই ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগে কোয়ালিটি এডুকেশন দেওয়া হচ্ছে ও শিক্ষার্থীরা মনোযোগের সঙ্গে কাজ করে চলেছে।

শিক্ষক রাবেয়া নুসরাত নিভার সার্বিক তত্ত্বাবধানে অনুষ্ঠিত এই প্রদর্শনীর উদ্দেশ্য ছিল প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের শিল্পের প্রচার ও এই বিভাগের শিক্ষার্থীদের দক্ষতা যাচাই করা।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত

৭ জুলাই ২০১৯, প্রিমিয়ার ইউনিভার্সিটির একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ, প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য ও একাডেমিক কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. অনুপম সেন। সভায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয় এবং



২১ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিতব্য প্রিমিয়ার ইউনিভার্সিটির দ্বিতীয় কনভোকেশন অনুষ্ঠানে অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। ইংরেজি বিভাগের বিএ অনার্স ও এমএ-র কারিকুলাম নিয়ে আলোচনার পর তা সভা কর্তৃক গৃহীত হয়। সভায় আরো আলোচনা হয়, কম্পিউটার সায়েন্স ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে পাঠ্যসূচিকে পরিবর্তন করা হবে। এই পরিবর্তনের লক্ষ্য হবে, এই দুই অত্যাধুনিক প্রকৌশল বিষয়ে অধুনা যেসব নতুন আবিষ্কার বা সৃজনশীলতা সম্পন্ন হয়েছে, তা অতি শীঘ্রই কারিকুলামের অন্তর্ভুক্ত করে পাঠ্যসূচিকে নিরন্তর যুগোপযোগী করা। সভায় একাডেমিক কাউন্সিলের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন রেমন্ড আরেং, প্রফেসর ড. মোহীত উল আলম, প্রফেসর ড. মিহির কুমার রায়, প্রফেসর ড. তৌফিক সাঈদ, প্রফেসর ড. মোয়াজ্জম হোসেন, অরুণ দাশগুপ্ত, সোহেল এম শাকুর, ইফতেখার মনির, তানজিনা আলম চৌধুরী, সাদাত জামান খান, ফারজানা ইয়াসমিন চৌধুরী এবং টুটন চন্দ্র মল্লিক প্রমুখ। আরও উপস্থিত ছিলেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান।

### প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-প্রশাসন বিভাগের নবীন বরণ অনুষ্ঠানে উপাচার্য ড. অনুপম সেন

## মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্তের সন্তানদেরও এখানে পড়ানো হয়

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শুধু উচ্চবিত্তের সন্তানদের নয়, মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্তের সন্তানদেরও পড়ানো হয়। বস্তুত এই ইউনিভার্সিটি তাদের জন্য। মানবতাবাদী



রাজনৈতিক নেতা আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী এই ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করেছিলেন কম খরচে শিক্ষার্থীদের পড়াশুনার উদ্দেশ্যে। একারণে এখানে প্রতিবছর কয়েক কোটি টাকা ওয়েভার ও স্কলারশিপ প্রদান করা হয়। এছাড়াও এখানে রয়েছে শীতাতপ নিয়ন্ত্রিত ক্লাশরুম, লাইব্রেরি, ওয়াইফাই, কম্পিউটার ল্যাব সুবিধা। ০৬ মে ২০১৯, দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-প্রশাসন বিভাগের বিবিএ প্রোগ্রামের ৩৬, ৩৭ ও ৩৮ তম ব্যাচের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হকের সভাপতিত্বে এ-অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন নবীন শিক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে বলেন, ব্যবসা-প্রশাসন বিভাগের শিক্ষার্থীদের জ্ঞান-বিজ্ঞানের, বিশেষত ব্যবসা বিষয়ক জ্ঞানের যে নব নব দিগন্ত এখন সৃষ্টি হচ্ছে, তা জানতে হবে। জ্ঞানের সীমা প্রতিনিয়ত বাড়ছে। শিক্ষার্থী মুসাররাত হোসাইন মুনিয়া ও কাজী নুরুল হকের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, ব্যবসা-প্রশাসন বিভাগের অধ্যাপক অমল ভূষণ নাগ, এই বিভাগের অ্যাডজাঙ্কট ডিন প্রফেসর ড. মোয়াজ্জম হোসেন ও প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান।


# Premier University

## ADMISSION

### Admission Qualifications

Candidates with at least GPA 5 (having minimum GPA 2.5 or 2nd division in both SSC & HSC or in equivalent examinations) or GPA 6 (combined, but score not less than GPA 2 in any individual examination) are eligible for admission to undergraduate programs. For admission to Masters' Programs candidates should have requirement of admission to Bachelor Degree Program as mentioned above and must have also at least GPA 2 in Degree Examinations. For E.M.B.A. one year's work experience will also be required.

### Undergraduate Programs

- B.B.A. (Accounting, Finance, Marketing, Management & H.R.M.)
- LL.B. (Honors)
- B.A. (Honors) in English
- B.Sc. in E.E.E.
- B.Sc. in C.S.E.
- Bachelor of Architecture
- B.S.S. (Honors) in Economics
- B.Sc. (Honors) in Mathematics
- B.Sc. (Honors) in Chemistry
- B.S.S. (Honors) in Sociology and Sustainable Development

### Graduate Programs

- M.B.A. (2 years) (Accounting, Finance, Marketing & H.R.M.)
- M.B.A. (1 year) (Accounting, Finance, Marketing, Management & H.R.M.)
- E.M.B.A. (Executive M.B.A.)
- M.S.S. in Economics (1 year) Banking & Finance, Development Studies
- M.A. in English (Major in E.L.T.)
- M.A. in English (E.L.L.)
- M.Sc. in Mathematics
- LL.M.
- CCNA (Exploration (CISCO Networking)

Ladies Hostel



Well Furnished Hostel Accommodation Available for Female Students.



Faculty of Arts



Faculty of Business



Faculty of Law & Social Science



Faculty of Engineering & Science



Convocation Program



Administrative Building



উপদেষ্টা: প্রফেসর ড. অনুপম সেন, উপাচার্য, প্রিমিয়ার ইউনিভার্সিটি; সম্পাদক: অমল ভূষণ নাগ, অধ্যাপক, ব্যবসা-শিক্ষা অনুষদ; সহযোগী সম্পাদক: খুরশিদুর রহমান, রেজিস্ট্রার; সহকারী সম্পাদক: শামসুল আরেফীন, সহকারী জনসংযোগ কর্মকর্তা।
প্রকাশনায়: জনসংযোগ শাখা, প্রিমিয়ার ইউনিভার্সিটি, ১/এ, ও.আর. নিজাম রোড, প্রবর্তক মোড়, পাঁচলাইশ, চট্টগ্রাম। ফোন: +৮৮-০৩১-৬৫৬৬১২-১৪, ৬৫৬৯১৭, ৬৫৭৬৫৪, ই-মেইল: info@puc.ac.bd, ওয়েবসাইট : www.puc.ac.bd, www.facebook.com/PremierUniversityChittagong